

ফকির ইলিয়াস - এর একগুচ্ছ কবিতা

=====

আরেকটু উজানে

নদীকে পৃথক রেখে আমি ছুঁই জলের নিঃশ্বাস
 বিশ্বাস করো আর নাই করো ,ধীবরের উনপত্র লিখে
 আমি সাজাই যে কিনার তার চে' আরেকটু উজানে
 থাকে ডেউ, কেউ যদি চোখে রাখে চোখ
 দেখতে হেমন্তপ্রিয় জলাধির নিঝুম আঁধার,
 সে ই পাবে চন্দ্রশিলা , আর যারা জন্মান্ন
 আমি বলি সেই জ্যোতি - তারা ও দেখুক !

আমি যেভাবে পরাজিত হয়ে যাই

কুয়াশা ভেঙে ভেঙে সাজাই দক্ষিণা দিন। কালভোরে
 যে জীবন আমার সাথে দেখা করতে এসেছিল, আমি
 তাকে আর না আসার অনুরোধ করেছি বিনীতভাবে।
 আর বলেছি, কি প্রয়োজন আছে এইসব ধূসর পাতা
 কুড়িয়ে। কিংবা সংগ্রহ করে মলিন পৃষ্ঠাসংখ্যা। কে এতো
 খবর রাখে কার ! যে জন চলে গেছে , যে জন যেতে চায়
 মূলত সবাই পরাজয়ের অনুগামী জলালেকের দিকে
 যাবে আর পার হবে মৃত নদীদের হাড়গোড়। কিছুটা
 বিস্মৃতিতে , কিছুটা আনমনা আকাশের বিবিধ বিভায়।

শিল্পসম্বন্ধ , দ্বিতীয় দুয়ার

ভাঙনের চারপাশ ভরে দেবো রোদের ভর্তুকি ,বুল বারান্দার
দক্ষিণ পাশে ফোটে থাকে যে জারুল ফুল , তাকে তুলে রাখবো
কালের আগুনে। আহা সেন্টমার্টিন ! আহা আন্দামানের প্রথর
যৌবন! তুমি ভাসিয়ে নিতে জানো আমাদের জমকালো ভোর,
কিছু পাবো বলে যে আমরা মৃত্যুর দুয়ার খুলে দাঁড়াই ; সমবেত
তারাও জানি - খুব ভালো প্রতারক না হলে জীবনের সাথে এরকম
প্রতারণা করা যায় না। অংশ নেয়া যায় না সাবমেরিন সেমিনারে...

আরো দীর্ঘ পথ পেরুতে পারলে দিনকেও মোড়ে দেবো কিছু
রহস্য রাংতায়।যারা খুঁজে পাবে, তারা ভালো করেই জেনে নেবে
এই শিল্পসম্বন্ধ টিকিয়ে রাখতেই মানুষ বহুগামী বৃষ্টিকে করতে
চেয়েছিল আপন ছাতা , আর ভ্রমণবৃত্তান্তকে করতে চেয়েছিল
ঈশৎ সংক্ষেপিত , উর্বরা মাটির বুক পদছাপ রেখে যেতে যেতে ।

পলাশের চিতাচিহ্ন

(বারাক ওবামা - আপনাকে)

প্রতিবেশে হয়েনা শকুন আর পরিবেশে মৃত ফসফরাস,দেহ
থেকে ঝরে যাওয়া শিশুর পাঁজর। আমি ছুঁয়ে দেখি ,এই কফিনে
আমিও শুয়েছিলাম বিগত জনমে আর সিজোফ্রেনিয়া ঘেরা আকাশ
ছিল আমার সহচর। ভালোবাসা দেবে বলে কেউ আসেনি কাছে,
ডাকেনি ধরে নাম। বিধি বাম ছিল না জানি , তবু কেন এই মানব
নির্মিত বলয় ঢেকে দিয়েছিল আমার স্বপ্নদেশ। আমার সবুজ ললাট...

আমারও গন্তব্য ছিল আর ছিল বিশাল মৃত্তিকাকোষ। সে ভিটায় এখন
পলাশের চিতাচিহ্ন। সমাগত ডেউয়ের আঘাত ভাসিয়ে নিয়ে গ্যাছে
সব। তোমাকে কি দেবো বলো ! কোন অশ্রুঅনলে পোড়াবো আমার
জমাট শোকছত্রাবলি। প্রিয় স্বজন, প্রিয় রাষ্ট্রনায়ক আমার ! এখানে
হাত দিয়ে দ্যাখো ভিয়েতনাম,কুয়েত, ইরাক, আফগান, ফিলিস্তিন সহ
তামাম দুনিয়ায় ছড়িয়ে আছে আমার রক্তের দাগ। আর পলাশগুলো
ফোটে আছে সেই রঙে , তুমি আসবে বলে ,ধীর পায়ে এই শ্বেতাঙিনায় ।